

ডায়েরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন	
স্টেশন প্রকৌশলী	
উপ-স্টেশন প্রকৌশলী	
সরকারী বেতার প্রকৌশলী	
সি.সি.সি.কেন্দ্র	

*(Handwritten signature)*

(২৬৪০)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ বেতার  
সদর দপ্তর  
৩১,সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী  
শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.betar.gov.bd



নথি নং ১৫.৫৩.০০০০.০১৩.১৩.৪৩০.২০২০ ২৫৪৫  
প্রাপক,

তারিখঃ ০২/১২/২০

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,  
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের, কার্যালয়,  
তথ্য মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা  
ঢাকা-১০০০।

বিষয়ঃ জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকার নিরাপত্তা প্রহরী জনাব মোঃ ফরিদুল হাসান এর  
০১ (এক) বছরের অবসর উত্তর ছুটিসহ ১৮ মাসের লাম্প গ্র্যান্ট মঞ্জুরী প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকার নিরাপত্তা প্রহরী জনাব মোঃ ফরিদুল হাসান এর জন্ম তারিখ ১৪/০১/১৯৬২ খ্রিঃ। এই হিসাবে আগামী ১৩/০১/২০২১ খ্রিঃ তারিখে তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে বিধায় তিনি অর্থ মন্ত্রণালয়ের ০৬/০৪/২০১০ খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃ বিঃ-৩/২০১০ অংশ-৩/৬২ নং প্রজ্ঞাপন এর নির্দেশনা মোতাবেক ১৩/০১/২০২১ খ্রিঃ তারিখে চাকরী থেকে অবসর গ্রহণ করবেন।

০২। জনাব মোঃ ফরিদুল হাসান ০২ বছর ০৩ মাস ২২ দিন পূর্ণ গড় বেতনে এবং ০২ বছর ০৪ মাস ২৯ দিন অর্ধ গড় বেতনে ছুটি পাওনা আছেন বিধায় জনাব মোঃ ফরিদুল হাসান-কে ১৪/০১/২০২১ খ্রিঃ তারিখ থেকে ১৩/০১/২০২২ খ্রিঃ পর্যন্ত মোট ০১ (এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (post Retirement Leave) মঞ্জুর করছি।

০৩। জনাব মোঃ ফরিদুল হাসান এর সর্বশেষ মাসিক মূল বেতন ১৭,০৬০/- (সতের হাজার ষাট টাকা) হারে ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ১৭,০৬০ x ১৮ = ৩,০৭,০৮০/- (তিন লক্ষ সাত হাজার আশি টাকা) মাত্র লাম্প গ্র্যান্ট হিসাবে মঞ্জুরী প্রদান করছি।

০৪। এমতাবস্থায়, জনাব মোঃ ফরিদুল হাসান-কে ১৮ মাসের বেতনের সমপরিমাণ ৩,০৭,০৮০/- (তিন লক্ষ সাত হাজার আশি টাকা) মাত্র উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

*(Handwritten signature)*, ০১.১২.২০২০

হোসনে আরা তালুকদার

মহাপরিচালক

ফোনঃ ৪৪৮১৩০৬২

অনুলিপি সদয় অবগতিকে প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা (চাকুরী বই সংযুক্ত)।
- ২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। জনাব মোঃ ফরিদুল হাসান, নিরাপত্তা প্রহরী, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ৪। গার্ড ফাইল।